রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৩১ মার্চ, ২০০৩/১৭ চৈত্র, ১৪০৯

এস, আর, ও নং ৮৭-আইন/২০০৩।—Paurashava Ordinance, 1977 (Ord. XXVI of 1977) এর section ৫৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদর্শ কর তফসিল প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রয়োগ।—(১) এই তফসিল পৌরসভা আদর্শ কর তফসিল, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা সকল পৌরসভার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। ইমারত এবং ভূমির উপর কর।—ইমারত এবং ভূমির বার্ষিক মূল্যের উপর অনধিক শতকরা ৭ ভাগ হারে কর আরোপ করা যাইবে এবং উক্ত কর হার এক টাকার কম হইলে উহা পূর্ণ এক টাকায় নির্ধারণ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন ইমারত বা ভূমি ধর্মীয় প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত হইলে উহা হইতে কর আদায় করা যাইবে না ঃ

আরো শর্ত থাকে যে, কোন ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমি বা ইমারতের কোন অংশ বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ভূমি বা অংশ হইতে কর আদায়যোগ্য হইবে।

৩। স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আরোপ।—স্থাবর সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে হস্তান্তর দলিলে উল্লিখিত মূল্যের সর্বোচ্চ ২% হারে কর আরোপ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ওয়াকফ-ই-আল আওলাদ ব্যতীত নিবন্ধনকৃত ধর্মীয়, দাতব্য, ক্রীড়া বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে যে কোন দান ও উইল সংক্রান্ত হস্তান্তর দলিলের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, বৈধ ঋণ পরিশোধের জন্য কোন স্থাবর সম্পত্তি হস্তান্তর দলিলের ক্ষেত্রেও এই কর আরোপ করা যাইবে না।



মূল্য ঃ টাকা ৪.০০

৪। **ইমারত নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের উপর কর আরোপ।**—(১) নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত ইমারত নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের ক্ষেত্রে উহাদের বিপরীতে, টঙ্গী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার রাজউক বহির্ভূত এলাকার জন্য, কলাম (৩) এবং, অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

"টেবিল"

| ক্রমিক নং | বিষয় | টঙ্গী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা (রাজউক বহির্ভূত এলাকা) | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সীমানা প্রাচীর (পাকা) | ১০০ বর্গফুট পর্যন্ত ২০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ ফুটের জন্য ০.৫০ টাকা। | ১০০ বর্গফুট পর্যন্ত ১৫০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ০.৩০ টাকা। |
| ২। | অস্থায়ী কাঁচা স্থাপনা (প্রতিটি) | ২৫০.০০ টাকা। | ২০০.০০ টাকা। |
| ৩। | সেমি-পাকা (আবাসিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ৩৫০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ ফুটের জন্য ০.৫০ টাকা। | ৫০০ বর্গফুট পর্যন্ত ২০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ ফুটের জন্য ০.৩০ টাকা। |
| ৪। | সেমি পাকা (বাণিজ্যিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ৭০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ-ফুটের জন্য ১.০০ টাকা। | ৫০০ বর্গফুট পর্যন্ত ৪০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ-ফুটের জন্য ০.৬০ টাকা। |
| ৫। | পাকা ইমারত (আবাসিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ৫০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ-ফুটের জন্য ০.৬০ টাকা। | ৫০০ বর্গফুট পর্যন্ত ৩০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ-ফুটের জন্য ০.৪০ টাকা। |
| ৬। | পাকা ইমারত (বাণিজ্যিক) | ৫০০ বর্গফুট পর্যন্ত ১০০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ-ফুটের জন্য ১.২০ টাকা। | ৫০০ বর্গফুট পর্যন্ত ৬০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি বর্গ-ফুটের জন্য ০.৮০ টাকা। |

(২) প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত কোনো ইমারত পুনঃনির্মাণের আবেদনের উপর এই কর আরোপ করা যাইবে না।

(৩) কোন ধর্মীয় উপাসনালয় নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের ক্ষেত্রে এইরূপ কর আরোপ করা যাইবে না।

৫। পেশা, ব্যবসা-বাণিজ্য, জীবিকা-বৃত্তি, প্রতিষ্ঠান, ইত্যাদির উপর কর আরোপ।—(১) পৌরসভার মধ্যে মুনাফা লাভের উদ্দেশ্যে ব্যবসা পরিচালনাকারী কোম্পানী, ফার্ম এবং ব্যাংক (নিবন্ধনকৃত সমবায় সমিতি ব্যতীত) এর ক্ষেত্রে নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত পরিশোধিত মূলধনের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে বাৎসরিক কর আরোপ করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | পরিশোধিত মূলধন | টাকা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ১ লক্ষ টাকা পর্যন্ত | ১০০০.০০ |
| ২। | ১ লক্ষ টাকার অধিক কিন্তু ৫ লক্ষ টাকার কম | ১,৫০০.০০ |
| ৩। | ৫ লক্ষ টাকার অধিক কিন্তু ১০ লক্ষ টাকার কম | ২,০০০.০০ |
| ৪। | ১০ লক্ষ টাকার অধিক কিন্তু ২৫ লক্ষ টাকার কম | ২,৫০০.০০ |
| ৫। | ২৫ লক্ষ টাকার অধিক কিন্তু ৫০ লক্ষ টাকার কম | ৩,০০০.০০ |
| ৬। | ৫০ লক্ষ টাকার অধিক কিন্তু ১ কোটি টাকার কম | ৪,০০০.০০ |
| ৭। | ১ কোটি টাকার অধিক কিন্তু ৫ কোটি টাকার কম | ৫,০০০.০০ |
| ৮। | ৫ কোটি এবং তদূর্দ্ধ টাকা | ১০,০০০.০০ |

(২) ঠিকাদারী প্রতিষ্ঠান এবং সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা তাহাদের এজেন্ট এর ক্ষেত্রে নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত শ্রেণীর বিপরীতে কলাম (৩) উল্লিখিত হারে বাৎসরিক কর আরোপ করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | শ্রেণী | টাকা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | বিশেষ শ্রেণীর ঠিকাদার | ২,০০০.০০ |
| ২। | ১ম শ্রেণীর ঠিকাদার | ১,৫০০.০০ |
| ৩। | ২য় শ্রেণীর ঠিকাদার | ১,০০০.০০ |
| ৪। | ৩য় শ্রেণীর ঠিকাদার | ৫০০.০০ |
| ৫। | সরবরাহকারী প্রতিষ্ঠান | ৩০০.০০ |

(৩) নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠান এবং কোচিং/ট্রেনিং সেন্টার এর ক্ষেত্রে উহাদের বিপরীতে, টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার জন্য, কলাম (৩) এবং অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে বাৎসরিক কর আরোপ করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১ | (২) | (৩) | (৪) |
| ১। | বেসরকারী বিশ্ববিদ্যালয় | ২,০০০.০০ | ১,০০০.০০ |
| ২। | কিন্ডার গার্টেন স্কুল | ৭৫০.০০ | ৩০০.০০ |
| ৩। | কোচিং সেন্টার | ৩০০.০০ | ১০০.০০ |
| ৪। | ট্রেনিং সেন্টার | ৩০০.০০ | ২০০.০০ |

(৪) নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত শয্যাবিশিষ্ট বেসরকারী ক্লিনিক বা নার্সিং হোম এর ক্ষেত্রে উহাদের বিপরীতে, টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার জন্য, কলাম (৩) এবং, অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে বাৎসরিক কর আরোপ করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১ | (২) | (৩) | (৪) |
| ১। | ৫ শয্যা হইতে ২০ শয্যা পর্যন্ত | ৫,০০০.০০ | ২,৫০০.০০ |
| ২। | ২১ শয্যা হইতে ৩০ শয্যা পর্যন্ত | ৭,৫০০.০০ | ৫,০০০.০০ |
| ৩। | ৩১ শয্যা হইতে ৪০ শয্যা পর্যন্ত | ১২,০০০.০০ | ৮,০০০.০০ |
| ৪। | ৪০ শয্যার উর্ধে | ১৫,০০০.০০ | ১২,০০০.০০ |

(৫) নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত ব্যাংক, বীমা ও অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠান, ইত্যাদি এর ক্ষেত্রে উহাদের বিপরীতে, টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার জন্য, কলাম (৩) এবং, অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে বাৎসরিক কর আরোপ করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | তফসিলী ব্যাংক | ২,০০০.০০ | ১,৫০০.০০ |
| ২। | বীমা | ১,০০০.০০ | ৭৫০.০০ |
| ৩। | ঋণদান প্রতিষ্ঠান | ১,০০০.০০ | ৭৫০.০০ |
| ৪। | মানি এক্সচেঞ্জ | ১,০০০.০০ | ৭৫০.০০ |
| ৫। | শেয়ার ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান | ১,০০০.০০ | ৭৫০.০০ |
| ৬। | এন, জি, ও | ১,০০০.০০ | ৭৫০.০০ |
| ৭। | মানি লেন্ডার | ১,০০০.০০ | ৭৫০.০০ |

(৬) নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত বিভিন্ন শ্রেণীর পেশা, ব্যবসা এবং ব্যবসা প্রতিষ্ঠান এর ক্ষেত্রে উহাদের বিপরীতে, টংগী; নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার জন্য, কলাম (৩) এবং অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে বাৎসরিক কর আরোপ করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | স্ট্যাম্প ভেন্ডার | ২০০.০০ | ১০০.০০ |
| ২। | ইন্ডেন্টিং এবং কমিশন এজেন্ট | ১,০০০.০০ | ১০০০.০০ |
| ৩। | ক্লিয়ারিং এবং ফরওয়ার্ডিং এজেন্ট | ১,০০০.০০ | ৭৫০.০০ |
| ৪। | ট্রাভেলিং এজেন্ট | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ৫। | রিক্রুটিং এজেন্ট | ১,৫০০.০০ | ১,০০০.০০ |
| ৬। | সকল প্রকার আমদানি-রফতানী ব্যবসা | ৫০০.০০ | ৫০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৭। | শীতাতপ-নিয়ন্ত্রিত সিনেমা হল | ২,০০০.০০ | ১,০০০.০০ |
| ৮। | শীতাতপ নিয়ন্ত্রণবিহীন সিনেমা হল | ১,৫০০.০০ | ৭৫০.০০ |
| ৯। | পাট/ধান/চাউল/মৎস্য/তৈল/ময়দা/আটা/ গুড়/ডিম/তুলা/রেশম অথবা অন্য কোন পণ্যের কারবারের আড়তদার। | ৩০০.০০ | ৩০০.০০ |
| ১০। | ইট/বালু/সিমেন্টের আড়তদার | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ১১। | স্থাপত্য এবং প্রকৌশল ফার্ম | ২,০০০.০০ | ২,০০০.০০ |
| ১২। | প্রকৌশলী, চিকিৎসক, দন্ত চিকিৎসক (যাহার আয় আয়কর প্রদানযোগ্য)। | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ১৩। | প্রকৌশলী, চিকিৎসক, দন্ত চিকিৎসক (যাহার আয় আয়কর প্রদানযোগ্য নহে)। | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১৪। | আইন ব্যবসায়ী | ৫০০.০০ | ৫০০.০০ |
| ১৫। | এডভোকেট/সলিসিটর ফার্ম | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ১৬। | চাউল/আটা/ডাল/তৈল/ময়দা/সেমাই/ মসল্লা ভাঙ্গার কল (অটোমেটিক ব্যতীত)। | ২০০.০০ | ২০০.০০ |
| ১৭। | চাউল/আটা/ডাল/তৈল/ময়দা/সেমাই/ মসল্লা ভাঙ্গার কল (অটোমেটিক)। | ৫০০.০০ | ৫০০.০০ |
| ১৮। | লিমিটেড কোম্পানী অথবা ব্যবসা প্রতিষ্ঠান ব্যতীত করাত কল, লেদ মেশিন। | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১৯। | সিরামিক সামগ্রী তৈরীর কারখানা এবং অন্যান্য মিল অথবা কারখানা। | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ২০। | ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ (লেদ ছাড়া) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ২১। | ওয়েলডিং ওয়ার্কশপ | ৫০০.০০ | ৩০০.০০ |
| ২২। | ইট ভাটা (যদি থাকে) | ৭,৫০০.০০ | ৫,০০০.০০ |
| ২৩। | কেন্দ্রীয়ভাবে শীতাতপ-নিয়ন্ত্রিত আবাসিক হোটেল। | ১৫,০০০.০০ | ১০,০০০.০০ |
| ২৪। | এয়ারকন্ডিশনার বা এয়ারকুলারসহ আবাসিক হোটেল। | ৭,৫০০.০০ | ৫,০০০.০০ |
| ২৫। | এয়ারকন্ডিশনার বা এয়ারকুলার ব্যতীত আবাসিক হোটেল। | ৩,০০০.০০ | ২,০০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২৬। | শীতাতপ নিয়ন্ত্রিত গেস্ট হাউজ/রেস্ট হাউজ | ৫,০০০.০০ | ৪,০০০.০০ |
| ২৭। | শীতাতপ নিয়ন্ত্রণবিহীন গেস্ট হাউজ/রেস্ট হাউজ। | ৩,০০০.০০০ | ২,০০০.০০ |
| ২৮। | শীতাতপ নিয়ন্ত্রিত অনাবাসিক হোটেল, রেস্টুরেন্ট, কফি হাউস এবং চা-এর দোকান। | ২,০০০.০০ | ১,০০০.০০ |
| ২৯। | শীতাতপ নিয়ন্ত্রণবিহীন হোটেল, রেস্টুরেন্ট, কফি হাউস এবং চা-এর দোকান। | ১,০০০.০০ | ৮০০.০০ |
| ৩০। | মিশুক | ১০০.০০ | ১০০.০০ |
| ৩১। | বেবী ট্যাক্সি | ১০০.০০ | ১০০.০০ |
| ৩২। | টেম্পো | ২০০.০০ | ২০০.০০ |
| ৩৩। | ট্যাক্সি/ট্যাক্সি ক্যাব/কার | ৫০০.০০ | ৫০০.০০ |
| ৩৪। | মাইক্রোবাস/মিনিবাস/মিনিট্রাক/হিউম্যান হলার। | ৫০০.০০ | ৫০০.০০ |
| ৩৫। | বাস/ট্রাক/ট্যাংকার | ৫০০.০০ | ৫০০.০০ |
| ৩৬। | কেরিয়ার | ৫০০.০০ | ৫০০.০০ |
| ৩৭। | পরিবহণ এজেন্সি অথবা মাল বহনকারী ঠিকাদার। | ২,০০০.০০ | ১,৫০০.০০ |
| ৩৮। | কাপড় ব্যবসায়ী (খুচরা বিক্রেতা) | ২০০.০০ | ১০০.০০ |
| ৩৯। | কাপড় ব্যবসায়ী (পাইকারী বিক্রেতা) | ৫০০.০০ | ৫০০.০০ |
| ৪০। | সুতা ব্যবসায়ী/পরিবেশক (পাইকারী) | ৫০০.০০ | ৫০০.০০ |
| ৪১। | ছাপাখানা (স্বয়ংক্রীয় মেশিন ব্যতীত) | ৫০০.০০ | ২০০.০০ |
| ৪২। | ছাপাখানা (স্বয়ংক্রীয় মেশিনসহ) | ১,৫০০.০০০ | ১,০০০.০০ |
| ৪৩। | ঘড়ির দোকান | ২৫০.০০ | ২০০.০০ |
| ৪৪। | জুয়েলারী (শোরুমসহ) | ১,৫০০.০০ | ১,০০০.০০ |
| ৪৫। | জুয়েলারী (শোরুম ব্যতীত) | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৪৬। | এম, এস, রড এবং সিমেন্টের দোকান | ৭৫০.০০ | ৫০০.০০ |
| ৪৭। | এজেন্সীসহ টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক সামগ্রীর দোকান। | ১,০০০.০০ | ৫০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪৮। | টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক সামগ্রীর বড় দোকান। | ৭৫০.০০ | ৫০০.০০ |
| ৪৯। | টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক সামগ্রীর মাঝারি দোকান। | ৫০০.০০ | ২৫০.০০ |
| ৫০। | টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক সামগ্রীর ছোট দোকান। | ২৫০.০০ | ২০০.০০ |
| ৫১। | টিভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক সামগ্রীর মেরামতের দোকান। | ৫০.০০ | ৫০.০০ |
| ৫২। | বাঁধাই কারখানা | ১৫০.০০ | ১০০.০০ |
| ৫৩। | ডিপার্টমেন্টাল স্টোর (বড়) | ১,৫০০.০০ | ১,০০০.০০ |
| ৫৪। | ডিপার্টমেন্টাল স্টোর (মাঝারী) | ৭৫০.০০ | ৫০০.০০ |
| ৫৫। | ডিপার্টমেন্টাল স্টোর (ছোট) | ২৫০.০০ | ১৫০.০০ |
| ৫৬। | ফার্মেসী (বড়) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ৫৭। | ফার্মেসী (ছোট) | ৩০০.০০ | ২০০.০০ |
| ৫৮। | ফার্মেসী (হোমিও) | ২০০.০০ | ১০০.০০ |
| ৫৯। | চশমার দোকান (বড়) | ৩০০.০০ | ২০০.০০ |
| ৬০। | চশমার দোকান (ছোট) | ১৫০.০০ | ১০০.০০ |
| ৬১। | জুতার দোকান (বড়) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ৬২। | জুতার দোকান (মাঝারী) | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৬৩। | জুতার দোকান (ছোট) | ১৫০.০০ | ১০০.০০ |
| ৬৪। | ডেকোরেটর এর দোকান (বড়) | ৭৫০.০০ | ৩০০.০০ |
| ৬৫। | ডেকোরেটর এর দোকান (ছোট) | ৫০০.০০ | ২০০.০০ |
| ৬৬। | বই এর দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ৬৭। | মুদি দোকান (বড়) | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৬৮। | মুদি দোকান (ছোট) | ২৫০.০০ | ১০০.০০ |
| ৬৯। | দর্জির দোকান (বড়) | ২৫০.০০ | ২০০.০০ |
| ৭০। | দর্জির দোকান (ছোট) | ২০০.০০ | ১০০.০০ |
| ৭১। | বেডিং এর দোকান | ২০০.০০ | ১০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৭২। | ভিডিও/ভিসিডি/অডিও এর দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ৭৩। | ভিডিও গেমস এর দোকান | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ৭৪। | ল্যাবসহ ফটো স্টুডিও | ৫০০.০০ | ২০০.০০ |
| ৭৫। | ফটো স্টুডিও (বড়) | ৩০০.০০ | ২০০.০০ |
| ৭৬। | ফটো স্টুডিও (ছোট) | ১৫০.০০ | ১০০.০০ |
| ৭৭। | চিকিৎসা রোগ নির্ণয় কেন্দ্র/মেডিক্যাল ডায়াগনস্টিক সেন্টার (বড়)। | ৫,০০০.০০ | ৩,০০০.০০ |
| ৭৮। | চিকিৎসা রোগ নির্ণয় কেন্দ্র/মেডিক্যাল ডায়াগনস্টিক সেন্টার (ছোট)। | ৩,০০০.০০ | ১,৫০০.০০ |
| ৭৯। | মিষ্টির দোকান (বড়) | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৮০। | মিষ্টির দোকান (ছোট) | ২৫০.০০ | ২০০.০০ |
| ৮১। | ফুল/ফলের দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ৮২। | অটোমোবাইল মেরামত কারখানা (বড়) | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৮৩। | অটোমোবাইল মেরামত কারখানা (ছোট) | ৪০০.০০ | ৩০০.০০ |
| ৮৪। | বৈদ্যুতিক সামগ্রীর দোকান (বড়) | ৭৫০.০০ | ৫০০.০০ |
| ৮৫। | বৈদ্যুতিক সামগ্রীর দোকান (ছোট) | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৮৬। | বৈদ্যুতিক খুঁটি (প্রতিটি) | ৩০.০০ | ২০.০০ |
| ৮৭। | পাইলন | ৫০.০০ | ৩০.০০ |
| ৮৮। | মোটরের খুচরা যন্ত্রাংশের দোকান | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৮৯। | হার্ডওয়ারের দোকান (বড়) | ৭৫০.০০ | ৩০০.০০ |
| ৯০। | হার্ডওয়ারের দোকান (ছোট) | ৫০০.০০ | ২০০.০০ |
| ৯১। | স্যানিটারী ওয়ারের দোকান | ৫০০.০০ | ২০০.০০ |
| ৯২। | পাইকারী অথবা এজেন্সীপ্রাপ্ত সিগারেট এবং বিড়ির দোকান। | ২,০০০.০০ | ১,০০০.০০ |
| ৯৩। | বিভিন্ন মাপের চেরাই করা কাঠের ব্যবসা প্রতিষ্ঠান। | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৯৪। | জ্বালানী কাঠের দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ৯৫। | আসবাবপত্র ব্যবসা প্রতিষ্ঠান | ৭৫০.০০ | ৫০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৯৬। | বাই সাইকেলের দোকান | ৩০০.০০ | ২০০.০০ |
| ৯৭। | বাই সাইকেল, রিক্সার খুচরা যন্ত্রাংশের দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ৯৮। | স্টীলের আসবাবপত্রের দোকান | ৫০০.০০ | ৩০০.০০ |
| ৯৯। | কারুপণ্যের দোকান (বাঁশ/বেত ইত্যাদি) | ৫০.০০ | ৫০.০০ |
| ১০০। | ক্রোকারিজ শপ | ৩০০.০০ | ২০০.০০ |
| ১০১। | অ্যালুমিনিয়াম সামগ্রীর দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ১০২। | কাঁচ বাধাইয়ের দোকান | ৫০.০০ | ৫০.০০ |
| ১০৩। | তৈরী পোশাকের দোকান (বড়) | ৩০০.০০ | ২০০.০০ |
| ১০৪। | তৈরী পোশাকের দোকান (ছোট) | ২০০.০০ | ১০০.০০ |
| ১০৫। | ফ্যাক্স, ফোন ও কুরিয়ার সার্ভিস | ৩০০.০০ | ২০০.০০ |
| ১০৬। | রেক্টিফায়েড স্পিরিটের দোকান | ৩,০০০.০০ | ২,০০০.০০ |
| ১০৭। | রিক্সা ও রিক্সাভ্যান তৈরির কারখানা (বড়) | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১০৮। | রিক্সা ও রিক্সাভ্যান তৈরির কারখানা (ছোট) | ২০০.০০ | ১০০.০০ |
| ১০৯। | মদের দোকান | ৫,০০০.০০ | ৩,০০০.০০ |
| ১১০। | মাইক ভাড়ার দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ১১১। | ঢেউটিন/প্লেন শীট বিক্রির দোকান | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১১২। | ব্যাটারির দোকান | ১০০.০০ | ১০০.০০ |
| ১১৩। | হার্ডবোর্ড, পারটেক্স, ফরমিকার দোকান (বড়)। | ৭৫০.০০ | ৫০০.০০ |
| ১১৪। | হার্ডবোর্ড, পারটেক্স, ফরমিকার দোকান (ছোট)। | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১১৫। | ফোম/রেক্সিন এর দোকান | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১১৬। | বেকারী কারখানা (বড়) | ৩০০.০০ | ৩০০.০০ |
| ১১৭। | বেকারী কারখানা (ছোট) | ১৫০.০০ | ১০০.০০ |
| ১১৮। | ফটোস্ট্যাটের দোকান | ৫০.০০ | ৫০.০০ |
| ১১৯। | কম্পিউটার বিক্রির দোকান | ১০০.০০ | .. |
| ১২০। | টিভি পার্টস ও এন্টনা বিক্রির দোকান | ১০০.০০ | ১০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১২১। | এলপি গ্যাস ব্যবসা প্রতিষ্ঠান | ১০০.০০ | ১০০.০০ |
| ১২২। | ভিসা এজেন্ট | ৩০০.০০ | ১০০.০০ |
| ১২৩। | এজেন্সীসহ রং এর দোকান | ৫০০.০০ | ২০০.০০ |
| ১২৪। | রং এর দোকান (খুচরা) | ১০০.০০ | ১০০.০০ |
| ১২৫। | ডিস ক্যাবল সংযোগকারী ব্যবসা প্রতিষ্ঠান | ২০০.০০ | ১০০.০০ |
| ১২৬। | ফিলিং স্টেশন/পেট্রোল পাম্প | ১,০০০.০০ | ৭৫০.০০ |
| ১২৭। | কমিউনিটি সেন্টার (শীতাতপ নিয়ন্ত্রিত) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ১২৮। | কমিউনিটি সেন্টার (শীতাতপ নিয়ন্ত্রণ বিহীন)। | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১২৯। | মোবাইল ফোন বিক্রেতা এজেন্সী | ৭৫০.০০ | ৩০০.০০ |
| ১৩০। | একুইরিয়াম প্রস্তুতকারক | ১০০.০০ | ১০০.০০ |
| ১৩১। | হাঁস-মুরগির দোকান | ৫০.০০ | ৫০.০০ |
| ১৩২। | বিজ্ঞাপন প্রতিষ্ঠান | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১৩৩। | এজেন্সীসহ সার/কীটনাশক ঔষধের দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ১৩৪। | সার/কীটনাশক ঔষধের দোকান | ১০০.০০ | ৫০.০০ |
| ১৩৫। | নার্সারী | ২০০.০০ | ১০০.০০ |
| ১৩৬। | কোল্ড স্টোরেজ/গোডাউন (লিমিটেড কোম্পানী ব্যতীত)। | ১,০০০.০০ | ১,০০০.০০ |
| ১৩৭। | রিয়েল স্টেট/বিল্ডার্স/ডেভলপার | ২,০০০.০০ | ১,০০০.০০ |
| ১৩৮। | হোন্ডা/কার/বিভিন্ন গাড়ীর শো-রুম/বিক্রেতা | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ১৩৯। | পোল্ট্রি/ডেইরী ফার্ম | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১৪০। | যে কোন পণ্যের পরিবেশক | ৫০০.০০ | ৩০০.০০ |
| ১৪১। | পশারী/ভুষা মালের ব্যবসা | ১০০.০০ | ৫০.০০ |
| ১৪২। | পুরাতন মালামাল ভাংগারী ব্যবসা | ১০০.০০ | .. |
| ১৪৩। | কাঁচ/গ্লাস ব্যবসা | ২০০.০০ | ১০০.০০ |
| ১৪৪। | ব্যাগ/সুটকেস বিক্রয়ের দোকান | ২০০.০০ | ১০০.০০ |
| ১৪৫। | স্বর্ণালংকার মেরামতকারী প্রতিষ্ঠান | ১০০.০০ | ৫০.০০ |
| ১৪৬। | স্পোর্টস/খেলনা সামগ্রী বিক্রয়ের দোকান | ১০০.০০ | ৫০.০০ |
| ১৪৭। | সিকিউরিটি সার্ভিস ব্যবসা প্রতিষ্ঠান | ৩০০.০০ | .. |
| ১৪৮। | জেনারেটর ব্যবসা (ভাড়ার জন্য) | ২০০.০০ | ২০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৪৯। | গার্মেন্টস এক্সসরীজ ব্যবসা | ২,০০০.০০ | ৫০০.০০ |
| ১৫০। | গৃহপালিত পশু/পাখীর খাদ্য বিক্রয়ের দোকান। | ৫০.০০ | ৫০.০০ |
| ১৫১। | ইট, বালু ও পাথরের ব্যবসা | ৩০০.০০ | ১০০.০০ |
| ১৫২। | বাঁশের ব্যবসা | ১০০.০০ | ৫০.০০ |
| ১৫৩। | শীতাতপ নিয়ন্ত্রিত হেয়ার ড্রেসিং সেলুন | ৮০০.০০ | ৫০০.০০ |
| ১৫৪। | শীতাতপ নিয়ন্ত্রণবিহীন হেয়ার ড্রেসিং সেলুন | ২০০.০০ | ১০০.০০ |
| ১৫৫। | স্বয়ংক্রীয় মেশিনসহ লন্ড্রি (ধোপা খানা) | ৮০০.০০ | ৩০০.০০ |
| ১৫৬। | স্বয়ংক্রীয় মেশিন ব্যতীত সাধারণ লন্ড্রি (ধোপাখানা)। | ২০০.০০ | ১০০.০০ |

৬। **অকৃষিজীবী ব্যক্তির উপর করারোপ।**—কৃষি কাজ এবং অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত পেশা ছাড়া অন্যান্য পেশায় নিয়োজিত ব্যক্তির ক্ষেত্রে নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত বিষয়ের বিপরীতে, টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার জন্য, কলাম (৩) এবং, অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে বাৎসরিক কর ধার্য করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | যে ক্ষেত্রে আয়কর প্রদান করা হয় | ১০০.০০ | ১০০.০০ |
| ২। | যে ক্ষেত্রে আয়কর প্রদেয় নহে | ৫০.০০ | ৫০.০০ |

৭। **বিবাহ, দত্তক গ্রহণ ইত্যাদির উপর করারোপ।**—বিবাহ, দত্তক গ্রহণ ইত্যাদির ক্ষেত্রে নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত বিষয়ের বিপরীতে, টংগী নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার জন্য, কলাম (৩) এবং, অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে বাৎসরিক কর ধার্য করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | প্রথম বিবাহ অথবা স্ত্রীর মৃত্যুর পর বিবাহ। | ২৫.০০ | ২৫.০০ |
| ২। | প্রথম স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ২য় বিবাহের জন্য। | ৫০০.০০ | ৩০০.০০ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩। | প্রথম দুই স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৩য় বিবাহের জন্য। | ৫,০০০.০০ | ৫,০০০.০০ |
| ৪। | প্রথম তিন স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৪র্থ বিবাহের জন্য। | ১০,০০০.০০ | ১০,০০০.০০ |
| ৫। | স্ত্রী পাগল, অক্ষম অথবা বন্ধ্যা হইলে পরবর্তী বিবাহের ক্ষেত্রে। | ১০০.০০ | ১০০.০০ |
| ৬। | দত্তক গ্রহণ (প্রতিটি সন্তান) | ৫০.০০ | ৫০.০০ |
| ৭। | জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট (প্রতিটি) | ১০০.০০ | ১০০.০০ |

৮। **পোষা জন্তুর উপর করারোপ।**—নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত পোষা জন্তুর ক্ষেত্রে উহাদের বিপরীতে, টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভার জন্য, কলাম (৩) এবং অন্যান্য সকল পৌরসভার জন্য, কলাম (৪) এ উল্লিখিত হারে বাৎসরিক কর ধার্য করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | টংগী, নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুর পৌরসভা | অন্যান্য সকল পৌরসভা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | পোষা কুকুর | ১০০.০০ | .. |
| ২। | পোষা হরিণ (আইনানুগ) | ৩০০.০০ | ১০০.০০ |

৯। **বিজ্ঞাপনের উপর কর আরোপ।**— (১) নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত সাধারণ সাইনবোর্ডের ক্ষেত্রে প্রতি বর্গফুট অথবা উহার অংশবিশেষের জন্য উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে বাৎসরিক কর ধার্য করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | কর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | বেসরকারি জমি এবং ভবনের উপর স্থাপিত বা সাটিয়া দেওয়া বিজ্ঞাপন। | ৫০.০০ |
| ২। | পৌরসভার জমির উপর স্থাপিত বা সাটিয়া দেওয়া বিজ্ঞাপন | ৭০.০০ |

(২) নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত আলোকিত বিজ্ঞাপন অর্থাৎ নিয়ন সাইন, প্লাস্টিক সাইন ইত্যাদি বিজ্ঞাপন এর ক্ষেত্রে প্রতি বর্গফুট অথবা উহার অংশবিশেষের জন্য উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে বাৎসরিক কর ধার্য করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | কর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | বেসরকারি জমি এবং ভবনের উপর স্থাপিত বা সাটিয়া দেওয়া বিজ্ঞাপন। | ৭০.০০ |
| ২। | পৌরসভার জমির উপর স্থাপিত বা সাটিয়া দেওয়া বিজ্ঞাপন | ১০০.০০ |

(৩) আলোকিতকরণ সংক্রান্ত বিদ্যুৎ ব্যয়সহ যে কোন সাইনবোর্ড নির্মাণ, তৈরি অথবা স্থাপনের সকল ব্যয় এবং খরচ মালিক অথবা বিজ্ঞাপনদাতাকে বহন করিতে হইবে।

১০। **সিনেমা এবং অডিওভিজুয়্যাল প্রদর্শনীর উপর কর আরোপ।**—অডিওভিজুয়্যাল প্রদর্শনীর ক্ষেত্রে দর্শকদের নিকট হইতে সংগৃহীত প্রবেশ মূল্যের সর্বোচ্চ ১৫% হারে কর আরোপ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, শিক্ষামূলক অথবা দাতব্য উদ্দেশ্যে আয়োজিত প্রদর্শনীর ক্ষেত্রে আংশিক অথবা পূর্ণ কর অব্যাহতি প্রদান করা যাইবে।

১১। **অযান্ত্রিক যানবাহন, ইত্যাদি এর উপর কর আরোপ।**—নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লেখিত বিভিন্ন শ্রেণীর অযান্ত্রিক যানবাহন ও উহার লাইসেন্সের জন্য উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে বাৎসরিক কর ধার্য করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | কর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | রিক্সা (ভাড়ায় চালিত) | ৭০.০০ |
| ২। | সাইকেল/রিক্সা (ব্যক্তিগত) | ৭০.০০ |
| ৩। | দুই চাকাবিশিষ্ট ঠেলাগাড়ী জাতীয় বাহন | ৭০.০০ |
| ৪। | তিন চাকাবিশিষ্ট বাহন (ভ্যান) | ৭০.০০ |
| ৫। | রিক্সা ও ভ্যান এর ড্রাইভিং লাইসেন্স | ২৫.০০ |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৬। | ২—৫ মেঃ টঃ ধারণ ক্ষমতাসম্পন্ন অযান্ত্রিক মালবাহী নৌকা | ৪০.০০ |
| ৭। | ৫ মেঃ টঃ এর অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন অযান্ত্রিক মালবাহী নৌকা। | ১০০.০০ |
| ৮। | ১০ অশ্বশক্তি পর্যন্ত ইঞ্জিনবিশিষ্ট মালবাহী নৌকা | ২০০.০০ |
| ৯। | ১০—৩০ অশ্বশক্তি ইঞ্জিনবিশিষ্ট মালবাহী নৌকা | ৪০০.০০ |
| ১০। | ৩০ অশ্বশক্তি এর অধিক ক্ষমতাসম্পন্ন ইঞ্জিনবিশিষ্ট মালবাহী নৌকা। | ১,০০০.০০ |

১২। **আলোকিতরণ রেইট**।— সেবা গ্রহণকারীর নিকট হইতে প্রদত্ত সেবার রক্ষণাবেক্ষণ খরচ বাবদ (রেইট সংগ্রহের আনুপাতিক ব্যয়সহ) সেবা গ্রহণকারীর জমি এবং ভবনের বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ৩ (তিন) ভাগ হারে আলোকিতরণ রেইট ধার্য করা যাইবে।

১৩। **ময়লা নিষ্কাশন রেইট**।— সেবা গ্রহণকারীর নিকট হইতে প্রদত্ত সেবার রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ (রেইট সংগ্রহের আনুপাতিক ব্যয়সহ) সেবা গ্রহণকারীর জমি এবং ভবনের বার্ষিক মূল্যের সর্বোচ্চ শতকরা ৭ (সাত) ভাগ হারে ময়লা নিষ্কাশন রেইট ধার্য করা যাইবে।

১৪। **ওয়াটার ওয়ার্কস এবং পানি সরবরাহ কর**।— ওয়াটার ওয়ার্কস অথবা পানি সরবরাহের ব্যবস্থার জন্য শুধু প্রদত্ত সেবার সংরক্ষণ ব্যয় বাবদ জমি এবং ভবনের বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ১০ (দশ) ভাগ হারে কর আরোপ করা যাইবে।

১৫। **পাইপের মাধ্যমে পানি সরবরাহের সংযোগ ফি ও রেইট**।— পাইপের মাধ্যমে পানি সরবরাহ করা হইলে মিটার থাকুক বা না থাকুক, উভয় ক্ষেত্রে, সংযোগ ফি ও পানির রেইট নির্ধারণের ক্ষেত্রে পৌরসভা পানি সরবরাহ আদর্শ উপ-আইনমালা, ১৯৯৯ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

১৬। **মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী, বাণিজ্যিক প্রদর্শনী এবং অন্যান্য জনসমাবেশের ফিস**।— পৌর এলাকায় বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত কোন মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী এবং উক্ত মেলা বা প্রদর্শনীর অনুরূপ কোন জনসমাবেশের জন্য উক্ত মেলা বা প্রদর্শনীর আয়োজনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থানে প্রবেশের জন্য নির্ধারিত প্রবেশ মূল্যের উপর অনধিক শতকরা ৫ (পাঁচ) ভাগ হারে ফিস আদায় করা যাইবে।

১৭। **পশু জবাই ফিস।**— বাণিজ্যিক অথবা ব্যবসায়ের জন্য পশু জবাই করা হইলে নিম্নের টেবিলের কলাম (২) এ উল্লিখিত বিষয়ের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে বাৎসরিক কর ধার্য করা যাইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | কর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ছাগল/ভেড়ার (প্রতিটি) | ১০.০০ |
| ২। | গরু (প্রতিটি) | ২৫.০০ |
| ৩। | মহিষ (প্রতিটি) | ৫০.০০ |

১৮। **রহিতকরণ।**— পৌরসভা আদর্শ কর তফসিল, ২০০২ এতদ্‌দ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, ওয়াই, বি, আই সিদ্দিকী
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।